



এক যে ছিলো রাজা

—দেওয়ান আবদুল বাসেত
(জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
ও তাঁর পরিবারের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধাঞ্জলি)

খুব কী বেশী পুরাণ কথা
বলবে কী তা কল্প?
প্রেম দিয়ে যে শ্রেষ্ঠ মানব
নয়তো ইহা গল্প।

এক যে ছিলো রাজা
প্রজাপতি মনটি তাঁহার
জুঁই-চামেলী, পাতা বাহার
হৃদয় তাঁহার বর্ষাভেজা
কলমী কদম তাজা
এক যে ছিলো রাজা।

রাজার সকল ভালোবাসা
মনের দুয়ার খুলে,
প্রজার তরে দেয় বিলিয়ে
শাপলা ফুলে ফুলে।

প্রেম বিলিয়ে দয়াল রাজা
শূণ্য হলো যেই—
বিঁধলো গুলী বুকে তাঁহার
নিজের অজান্তেই!

রাজার শিশু খেলো গুলী
উড়লো রানীর মাথার খুলি !
হায়রে! ডাকাত মারলো ঘরের
ছোট্ট বড়ো সব,
দিকে দিকে ভাসছে আহা!
কান্না ভেজা রব!

প্রশ্ন জাগে উজির-নাজির
থাকতো যারা সামনে হাজির
কিন্তু সেদিন সবাই গায়েব
কই গেলো সব তারা?
তবে কী সব মোহাম্মদী বেগ
খুন করেছে যারা!

বুড়িগঞ্জার জল
রাজার খুনের পায়না বিচার
চোখ করে ছল ছল!

এবং আজও ডাকাতগুলো
বলছে নাতো স্যরি!
তাইতো ওদের আমি কেবল
ঘৃণা করি
ঘৃণা করি
ঘৃণা করি!!!

হায়!
ভালোবাসার রাজা
ভালোবাসার মূল্য কী এই
জীবন দিয়ে সাজা!?